উপজেলা পরিষদ

বালিয়াকান্দি, রাজবাড়ী।

বালিয়াকান্দি উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২২ (৪৯তম) মাসের সভার কার্যবিবরণী

সভাপতি: জনাব মোঃ আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী

সভার তারিখ: ১৩ ডিসেম্বর, ২০২২, সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভার স্থান: উপজেলা পরিষদ সভা কক্ষ, বালিয়াকান্দি।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "ক"

সভায় অনুপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট "খ"

সভার প্রারম্ভে সভাপতি ও চেয়ারম্যান, উপজেলা পরিষদ জনাব মোঃ আবুল কালাম আজাদ উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর উপজেলা নির্বাহী অফিসারকে এজেন্ডাভিত্তিক আলোচনা করার জন্য অনুরোধ করেন।

অত:পর সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, বালিয়াকান্দি, রাজবাড়ী সভার আলোচ্যসূচি মোতাবেক কার্যক্রম শুরু করেন।

| নং | বিভাগ/দপ্তর | আলোচ্য বিষয়/ আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা পরিষদ | <u>বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:</u><br>বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনানো হয়। | বিগত সভার কার্যবিবরণীতে আর কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার |
| | | <u>স্থানীয় সংসদ সদস্যের সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ:</u><br>মাননীয় সংসদ সদস্যের সুপারিশক্রমে উন্নয়ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন চলমান রয়েছে। | কার্যক্রম চলমান | সংশ্লিষ্ট কর্মকর্তা (সকল) |
| | | **<u>নতুন পরিপত্র, বিধি ও সার্কুলার উপস্থাপন:</u>** | | সংশ্লিষ্ট সংস্থা প্রধান |
| | | **রাজস্ব, উন্নয়ন তহবিল, এডিপি, উপজেলা পরিচালন ও উন্নয়ন <u>এবং হাট-বাজার ১৫% খাতে ব্যয়ের হিসাব:</u>**<br>**(ক) উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ব্যয়ের বিল সমন্বয়ের তালিকা: (নভে:-ডিসে:/২২):**<br>-নভেম্বর/২০২২ মাসের আপ্যায়ন বিল বাবদ-৩০,০০০/- টাকা<br>-উপজেলা পরিষদের জীপগাড়ীর যন্ত্রাংশ পরিবর্তন বিল পরিশোধ-২১,৪০০/- টাকা<br>-পাম্প চালানো বাবদ অক্টো:/২২ মাসের ভাতা প্রদান-৬,০০০/- টাকা<br>- ৫১তম জাতীয় সমবায় দিবস/২২ উদযাপন উপলক্ষ্যে আর্থিক সহায়তা প্রদান-৩০০০/-টা.<br>-অক্টো:/২০২২ মাসের ইন্টারনেট বিল পরিশোধ-৩,৪০০/- টাকা<br>-অক্টো:/২০২২ মাসের আনুষংগিক বিল পরিশোধ-৫,০০০/- টাকা<br>- উপজেলা পরিষদের ঘাস কাটা মেশিন মেরামতের বিল- ১০,০০০/- টাকা<br>-মহান বিজয় দিবস/২০২২ এর ব্যয় নির্বাহের বিল-৫০,০০০/- টাকা<br>- ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা পরিশোধ-২৭,০০০/-টাকা<br>-মহিলা ভাইস চেয়ারম্যানের নভেম্বর/২০২২ মাসের সম্মানীভাতা -২৭,০০০/-টাকা<br>-মালীর অক্টো:/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>-পরিচ্ছন্নকর্মীর অক্টো:/২২ মাসের মজুরী বাবদ- ১৪,৩০০/- টাকা<br>- উপজেলা পরিষদের মই তৈরীর বিল -৩,৫০০/- টাকা<br>**(খ) উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের তালিকা (নভে:/২২):**<br>- উপজেলা শিল্পকলা একাডেমী পরিচালনা কাজের ১ম ও চূড়ান্ত বিল-২,০০,০০০/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলা পরিষদে ব্যাটমিন্টন কোর্ট রংকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল -- ১,০০০০০/- টাকা<br>**(গ) উপজেলা পরিষদের উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প হতে <u>পরিশোধকৃত বিল সমন্বয়ের তালিকা</u> (নভে:/২২- ডিসে:/২২):**<br>- সমাধিনগর মাধ্যমিক বিদ্যালয়ের একাডেমিক ভবনের দ্বিতল সম্প্রসারণ ও সংস্কার প্রকল্পের ১ম ও চূড়ান্ত বিল বাবদ- ১৮,০৫,৮৯১/- টাকা<br>-যুবক-যুবতীদের অনলাই মার্কেট প্লেসে পণ্য বিক্রয় ব্যবস্থাপনা প্রশিক্ষণ বাবদ চূড়ান্ত বিল- ২৯,৯৮৫/- টাকা<br>-বালিয়াকান্দি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে ওয়াপদা পর্যন্ত রাস্তায় সোলার স্ট্রিট লাইট স্থাপন ও মুনসুর আলী কলেজের সংযোগ সড়ক আরসিসি করণ কাজের ১ম ও চূড়ান্ত বিল -- ১৩,০৮,৫১৫/- টাকা<br>**(ঘ) উপজেলা পরিষদের এডিপি তহবিল হতে ব্যয়কৃত অর্থ সমন্বয়ের <u>তালিকা</u> ( নভেম্বর:/২২):** | সভায় বিস্তারিত আলোচনান্তে রাজস্ব, উন্নয়ন পরিচালন, এডিপি ও হাট-বাজার খাতসমূহের ব্যয়কৃত অর্থের বিপরীতে পরিশোধকৃত বিল সমন্বয়ের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা চেয়ারম্যান/ উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী |

| | | | | |
|---|---|---|---|---|
| | | -মীর মশারফ হোসেন কলেজের পূর্ব পাশ্বের দ্বিতল ভবনের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল বাবদ ঠিকার মেসার্স বিশ্বাস এন্টা:, বালিয়াকান্দিকে পরিশোধ-৫,৫৬,২৬৪/- টাকা<br>-আনন্দবাজার মীর মশাররফ হোসেন স্মৃতি তরুণ সংস্কার কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান(ঠিকাদর মেসার্স রুমী এন্টা: , কালুখালী)-৫,৩৫,৭৫১/- টাকা<br>-নলিয়া হারান মাষ্টারের বাড়ীর নিকট থেকে হঠাৎপাড়া গ্রাম পর্যন্ত রাস্তা ফ্লাট সলিং দ্বারা পাকাকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান( প্র: সভাপতি খাইরুল ইসলাম , জামালপুর ইউপি সদস্য) -২,০০,০০০/- টাকা<br>-পদমদী চন্দনাগুচ্ছ গ্রাম যোগেন্দ্রনাথ সোম সরকার প্রা: বিদ্যা: শহীদ মিনারের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ কাজের ১ম ও চূড়ান্ত বিল প্রদান(প্র: সভাপতি কাবিল উদ্দিন নবাবপুর ইউপি সদস্য)-১,৭৪,৯০৭/- টাকা<br>**(ঙ) হাট-বাজার ইজারাকৃত আয়ের ১৫% হতে পরিশোধকৃত বিলসমূহ সমন্বয়ের তালিকা (আগস্ট/২২- সেপ্টে:/২২):**<br>-সমাধিনগর বাজারের সনজিত রায়ের দোকান হতে নির্মল বিশ্বাসের দোকান পর্যন্ত ফ্লাট সলিং রাস্তা নির্মাণ কাজের বিল পরিশোধ-২,০০,০০০/- টাকা<br>-বহরপুর বাজারে মোস্তাকের দোকান হতে বহরপুর বাজার জামে মসজিদ পর্যন্ত রাস্তা সি সি ঢালাই দ্বারা নির্মাণ কাজের বিল পরিশোধ-৯,৮৭,৪০০/- টাকা | | |
| ০২ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই উপজেলা সমন্বয় সভার সম্মানিত উপদেষ্টা ও মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ জিল্লুল হাকিম মহোদয়ের সদয় উপস্থিতির জন্য ধন্যবাদ জ্ঞাপন করে সভার কার্যক্রম শুরু করেন। একইসাথে আসন্ন মহান বিজয় দিবসকে সাফল্যমন্ডিত করার লক্ষ্যে সকলের ঐকান্তিক সহযোগিতা কামনা করে বিজয় মাসের শুভেচ্ছা বিনিময় করেন। তিনি জানান যে, নিজ কার্যালয়ের দাপ্তরিক কার্যক্রমসহ বিভিন্ন দিবস উদযাপন, নিয়মিত সকল সভা এবং অন্যান্য পরিদর্শন/দর্শন কাজ যথারীতি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি দপ্তরভিত্তিক পৃথক পৃথকভাবে বিস্তারিত আলোচনার মাধ্যমে প্রত্যেকটি বিভাগের বিভিন্ন সমস্যাদির উপর আলোকপাত করেন।<br>২) এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার জানান যে, বালিয়াকান্দি উপজেলায় ইউজিডিপি'র অর্থায়নে বিভিন্ন দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণের মাধ্যমে বেশ কিছু যুব ও যুবতি উদ্দ্যোক্তা তৈরী হয়েছে। বিশেষ করে নারী উদ্দ্যোক্তাদের তৈরী পাটজাত দ্রব্যাদি, স্যানেটারি ল্যাপকিন, হ্যান্ড প্রিন্টিং শাড়ী-উড়নাসহ বিভিন্ন তৈরী পণ্য বাজারজাত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও নারী উদ্দ্যোক্তাদের পক্ষ হতে একটি মহিলা কর্ণার (সেল্স সেন্টার) নির্মাণের জন্য আবেদন হয়। বালিয়াকান্দি উপজেলার নারী উদ্দ্যোক্তাদের সফলতা অর্জনের লক্ষ্যে মহিলা কর্ণার নির্মাণের স্বপক্ষে | ১।বিভাগওয়ারী গৃহীত সিদ্ধান্তসমূহ সঠিকভাবে বাস্তবায়নের জন্য সকল বিভাগের প্রধানকে অনুরোধ করা হয় ।<br>২। উপজেলা পরিষদের অভ্যন্তরে অথবা উপজেলা পরিষদের আশেপাশে 'মহিলা কর্ণার' নির্মাণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় । উক্ত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুতপূর্বক বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলী, বালিয়াকান্দিকে অনুরোধ করা হয়। প্রকল্পটির অর্থ এডিপি/উন্নয়ন/রাজস্ব খাত হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার ও সংশ্লিষ্ট সকল কর্মকর্তা |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি ডা: সজল কুমার সোম জানান যে, উপজেলা হাসপাতালের স্বাভাবিক কার্যক্রম ও সেবা সুষ্ঠু ও সুচারুরূপে পরিচালিত হচ্ছে। বর্তমানে সারাদেশের মত বালিয়াকান্দি উপজেলাতে ডেঙ্গুর প্রকোপ বৃদ্ধি পেয়েছে। উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ডেঙ্গু রোগ নির্ণয়, ডেঙ্গু রোগীর চিকিৎসা সফলভাবে পরিচালিত হচ্ছে। যেহেতু এডিস মশার মাধ্যমে ডেঙ্গু রোগ ছড়ায়, তাই মশার বংশ বিস্তার রোধ, জলাবদ্ধতা দূরীকরণ, পরিস্কার পরিচ্ছন্নতা কার্যক্রম ও মশক নিধন কর্মসূচী গ্রহণের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া ডেঙ্গু রোগীর ক্ষেত্রে ডেঙ্গু হেমোরেজিক ফিভার ডেঙ্গু শকের মাধ্যমে রোগীর জীবনহানি হতে পারে। এক্ষেত্রে রোগীর প্লাজমা লিকেজ দেখার জন্য হেমাটোক্রিট ও প্লেটলেট মনিটরিং করতে হয় যা ডিজিটাল সেল এনালাইজার মেশিনের মাধ্যমে করা হয়। কিন্তু এখনো আমরা এনালগ পদ্ধতির সেল কাউন্টার দিয়ে সিবিসি পরীক্ষা করে থাকি। তাই ডেঙ্গুর প্রকোপ মোকাবেলা ও আধুনিক চিকিৎসাসেবা নিশ্চিত করার জন্য একটি ডিজিটাল সেল এনালাইজার মেশিনের জন্য মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | ডেঙ্গু রোগের বাহক মশা নিধনের লক্ষ্যে মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ আসন মহোদয় বালিয়াকান্দি উপজেলার জন্য ০১(এক) লক্ষ টাকা অনুদান হিসেবে প্রদান করেন । উক্ত অর্থের বিপরীতে ইউনিয়ন পরিষদসহ উপজেলা পরিষদ হতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এবং একইসাথে একটি ডিজিটাল সেল এনালাইজার মেশিনের বিষয়ে মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ আসন বরাবর আবেদন দাখিলের জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পরিঃপরিঃ কর্মকর্তা |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | সদ্য যোগদানকৃত উপজেলা ভেটেরিনারি সার্জন জনাব ডা. হাফিজুর রহমান সভার প্রথমেই উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং ইউপি চেয়ারম্যানগণকে বিভাগের কার্যক্রমে সবসময় পাশে থাকার জন্য ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। তিনি জানান খামারীদের আধুনিক প্রযুক্তিতে গবাদিপশু হৃষ্টপুষ্টকরণ, খাদ্য, বাসস্থান ও বিভিন্ন রোগ নিয়ন্ত্রণ বিষয়ে প্রশিক্ষণ ও উঠান বৈঠকের মাধ্যমে সচেতন করা হচ্ছে। জলাতঙ্ক রোগে মৃত্যুর হার শতভাগ। এ বিষয় নিয়মিত প্রচারণা চালিয়ে যাওয়া হচ্ছে। এন্টি মাইক্রোবিয়াল রেজিস্টান্স (এএমআর) এর ক্ষতিকর প্রভাব মোকাবেলায় প্রতিটি ইউনিয়নে মডেল পোল্ট্রি খামার স্থাপন এবং এ বিষয়ে প্রশিক্ষণ কর্মশালা আয়োজনসহ ডেইরী এবং পোল্ট্রি খামারিদের এন্টিবায়োটিক ব্যবহারে রেজিস্টার্ড ভেটেরিনারিয়ানের পরামর্শ বাধ্যতামূলক। এ বিষয়েও খামারিদের আরো সচেতন করতে সমন্বয় সভার সম্মানিত সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরো জানান যে, পশু খাদ্যের দাম মোকাবেলায় উন্নত জাতের ঘাস চাষের ব্যবহার বাড়াতে হবে। এ পর্যায়ে আরো জানান সম্প্রতি লাম্পি স্কিন ডিজিজের প্রাদুর্ভাব দেখা দিয়েছে, সাধারণত এক ধণের ডাস জাতীয় মাছির কামড়ে গরুর রোগ হয়। এই রোগের বিস্তার রোধে মশারি ব্যবহারের পরামর্শ এবং ভ্যাক্সিনেশন ক্যাম্প পরিচালিত হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে। | স্বাভাবিক সেবা প্রদানের পাশাপাশি মুজিববর্ষ উপলক্ষ্যে প্রদানকৃত ঘরের উপকারভোগীদের কৃষি সংক্রান্ত সকল সুবিধা প্রদানের জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসারের বক্তব্যের শুরুতে জানান যে, চলতি রবি মৌসুমে বালিয়াকান্দি উপজেলায় সরিষা ও গমের আবাদ বৃদ্ধি পেয়েছে। উক্ত ফসলগুলোর জন্য সুষম সার ব্যবহার নিশ্চিত করতে বিভিন্ন সার ডিলারের নিকট প্রয়োজনীয় সার মজুদ আছে। উপজেলা কৃষি অফিসের উপসহকারী কৃষি অফিসার, সহকারী কৃষি সম্প্রসারণ অফিসার, কৃষি সম্প্রসারণ অফিসার এবং উপজেলা কৃষি অফিসার নিয়মিত বিসিআইসি সার ডিলার, খুচরা বিক্রয় প্রতিনিধির দোকান পরিদর্শন তথা মনিটরিং করছেন। তিনি আও জানান যে, উন্নয়ন সহায়তার আওতায় ৫০% ভর্তুকি মূল্যে বিভিন্ন কৃষি যন্ত্রপাতি ক্রয়ের জন্য আগ্রহী কৃষকদের অগ্রাধিকার তালিকা হতে প্রকল্প অফিস কর্তক ৯৬টি যন্ত্রের বরাদ্দ পাওয়া যায় তার মধ্য হতে ৭৫ জনকে সিডার বিতরণ করা হয়েছে। বাকি কৃষকদের মাঝে যন্ত্রগুলো দ্রুত বিত্রণের ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। মুজিব শতবর্ষের ঘর আঙ্গিনায় পারিবারিক পুষ্টি বাগানের কার্যক্রম চলছে। প্রণোদনার কার্যক্রম শেষ হয়েছে। এছাড়া ৩৫টি পাওয়ার টিলার এর মধ্যে যাচাই-বাছাই করে ২৯টি বিতরণ করা হয়েছে। সম্প্রতি একটি ভেজাল সার কারখানা জব্দ জরিমানাসহ জেলহাজত প্রদান করা হয়েছে। এছাড়া কৃষি ভিত্তিক অন্যান্য কার্যক্রমসহ বিভাগীয় কার্যক্রম চলমান রয়েছে। | প্রান্তিক পর্যায়ে সার প্রাপ্যতা নিশ্চিতকরণের জন্য উপজেলা কৃষি অফিসারকে অনুরোধ করা হয় এবং কৃষকদের মাঝে সিডর, পাওয়ার টিলারসহ বিভিন্ন কৃষি যন্ত্র সঠিকভাবে বিতরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা কৃষি অফিসারকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা |
| ০৬ | উপজেলা মৎস্য বিভাগ | উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, ইউনিয়ন পর্যায়ে গৃহীত প্রকল্পসমূহে কার্যক্রম শেষ হয়েছে। এছাড়া এনএডিপি এর আওতায় ০৪টি প্রদর্শনী দেওয়া হয়েছে। নারুয়া ইউনিয়নের গড়াই নদীর পাড়ে আবাসনের দরিদ্র জনগোষ্ঠীর জন্য নদীতে "খাচায় মাছ চাষ" কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। সংশ্লিষ্টদের প্রশিক্ষণ ও খাচা স্থাপন/পোনা/খাদ্যসহ একটি স্কীম উপজেলা পরিষদের অর্থায়নে গ্রহণ করা যায় তাহলে উক্ত জনগণের পুষ্টির চাহিদা পূরণের পাশাপাশি আয়ের উৎস্য তৈরী হবে। তিনি আরো জানান যে, ফরমালিন মুক্ত বাজার নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় মনিটরিং কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | মাছের ফলমালিন মুক্ত বাজার নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ করা হলো। | উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৭ | উপজেলা পরিঃপরিঃ বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় উক্ত দপ্তর নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| ০৮ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসারের প্রতিনিধি সহকারী শিক্ষা অফিসার জানান যে, প্রাথমিক পর্যায়ের সকল শ্রেনীর মূল্যায়ন পরীক্ষা চলছে। আগামী ৩০/১২/২০২২ প্রাথমিক বৃত্তি পরীক্ষা শুরু হবে। প্রসংগক্রমে তিনি আরো জানান যে, জংগল ইউনিয়নের আখশুকনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এলাকার কিছু বখাটে ছেলেরা শ্রেনী কক্ষের তালা ভেংগে আড্ডা দেয় এবং বিভিন্ন নেশা দ্রব্যাদি সেবন করে। তিনি বিষয়টি উত্তরণের জন্য মাননীয় | আখশুকনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে রাতের বেলায় সংগঠিত উক্ত আড্ডা চক্র উৎখাতের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইনচার্জকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা ও অফিসার ইনচার্জ, বালিয়াকান্দি |

| | | | | |
|---|---|---|---|---|
| | | এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। মাননীয় এমপি মহোদয় বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। | | |
| ০৯ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান যে, ইতিমধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাবলিক পরীক্ষা শেষ হয়েছে। সমন্বিত ফলাফল ৮০.০৭%। আরো উন্নত করার প্রচেষ্টা অব্যহত থাকবে বলে আশা প্রকাশ করেন। প্রসংগক্রমে জানান যে, ২১টি মাধ্যমিক বিদ্যালয়ে ল্যাব চালু রয়েছে। তিনি মাননীয় এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে জানান যে, নটাপাড়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসা, চাপড়ী বালিকা বিদ্যালয়, জংগল মাঃবিঃ, নলিয়া শ্যামমোহন উচ্চ বিদ্যাঃ এবং জামালপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অবকাঠামোর অবস্থা ভাল না । উক্ত স্কুলগুলোর বিপরীতে অগ্রাধিকার ভিত্তিতে উন্নয়ন করার জন্য এমপি মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। | শিক্ষা কার্যক্রমকে গতিশীল আনয়নের জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় এবং অনন্নয়ন স্কুলগুলোর অবকাঠামোগুলো উন্নয়নের লক্ষ্যে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সাথে যোগাযোগ করার জন্য উপজেলা মাধ্য: শিক্ষা অফিসারকে অনুরোধ করা হয় । | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার |
| ১০ | উপজেলা প্রকৌশলী বিভাগ | সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরের এডিপি খাতে ১ম ও ২য় কিস্তিতে মোট ৩১.০৪ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। ইতোমধ্যে এডিপি'র বরাদ্দকৃত উক্ত অর্থ হতে নভেম্বর/২০২২ মাস পর্যন্ত ৮টি প্রকল্পের বিপরীতে ২৯,৯৭,৭৯৫/- টাকা এবং উপজেলা পরিষদের উন্নয়ন তহবিল হতে ৪১টি প্রকল্পের বিপরীতে ১,৫৩,৩৫,৮৯৫/- টাকার বিল পরিশোধ করা হয়েছে। এছাড়া রাজস্ব তহবিল ও অন্যান্য খাত হতে গৃহীত প্রকল্পের কার্যক্রম যথারীতি চলমান রয়েছে।<br>২। এ পর্যায়ে তিনি আরো জানান যে, বালিয়াকান্দি উপজেলা পরিষদের কিছু গুরুত্বপূর্ণ অসমাপ্ত প্রকল্পের কাজ এবং জরুরী প্রয়োজনে নিম্নেবর্ণিত প্রকল্পসমূহের কার্যক্রম বাস্তবায়ন করা বিশেষ জরুরী মর্মে সভায় প্রস্তাবনা উপস্থাপনসহ প্রকল্পগেুলো বাস্তবায়নের জন্য সভায় বিস্তারিত আলোচনা করেন। .<br>(ক) বালিয়াকান্দি অফিসার্স ক্লাবের অসমাপ্ত কাজের উন্নয়ন বাবদ-( সম্ভাব্য প্রাক্কলন মূল্য -২,০০,০০০/-টাকা)<br>(খ) বালিয়াকান্দি উপজেলা পরিষদের লাইব্রেরীর অসমাপ্ত কাজের উন্নয়ন বাবদ-( সম্ভাব্য প্রাক্কলন মূল্য -২,০০,০০০/-টাকা)<br>(গ) আলোকদিয়া জিকু সেখ এর বাড়ী হতে জামালপুর- সোনাপুর জিসি রাস্তায় কালভার্ট এর পার্শ্বে ইউড্রেন নির্মাণ | **বিশেষ তদারকির মাধ্যমে গৃহীত প্রকল্পসমূহের কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।**<br><br>২। বর্ণিত প্রকল্প ০৩টি সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের এডিপি/উন্নয়ন/রাজস্ব খাত হতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় এবং বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী |
| ১১ | উপজেলা সমাজ সেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, আগামী মাস থেকে ২য় কিস্তির পেরোল শুরু হবে। ১ম কিস্তির অর্থ ভাতাভোগীর বিকাশ নম্বরে প্রেরণ সম্পন্ন হয়েছে। সকল চেয়ারম্যানকে ইউনিয়ন পরিষদের যাচাই-বাছাই সম্পন্ন করে প্রতিবন্ধী ভাতাভোগীর তালিকা দ্রুত সময়ের মধ্যে উপজেলা কমিটিতে প্রেরণের জন্য অনুরোধ করেন। এছাড়া সকল চেয়ারম্যানদেরকে মৃত ভাতাভোগীদের প্রতিস্থাপনের জন্য মৃত ভাতাভোগীদের তালিকা উপজেলা কমিটিতে প্রেরণের জন্য পুনরায় নির্দেশ দেয়া হয়। | ১) প্রতিবন্ধিভাতা সংক্রান্ত সংক্রান্ত তালিকা জরুরী ভিত্তিতে উপজেলা কমিটির নিকট প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় এবং একইসাথে মাননীয় এমপি মহোদয়ের প্রদানকৃত পরামর্শমতে কার্যক্রম সম্পন্নের জন্য উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা |
| ১২ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, নভেম্বর/২০২২ মাসে ঋণ বিতরণ ৯৯.২১ লক্ষ, ঋণ আদায় ১১১.৩৫ লক্ষ, শেয়ার আদায় ০.৭১ লক্ষ এবং সঞ্চয় আদায় ৫.৫২ লক্ষ টাকা। এছাড়া প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। ঋণ বিতরণ ও আদায় ভালভাবে চলছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের তুলনায় চলতি মাসে ঋণ বিতরণ-আদায় সন্তোষজনক বিধায় উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় ধন্যবাদ জানানো হয়। | **উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা** |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জানান যে, ভিজিডি কর্মসূচি চলমান রয়েছে। এ পর্যায়ে তিনি জানান যে, সঠিক সময়ে তালিকা না পাওয়ায় কর্মসূচি বাস্তবায়ন করা নিয়ে জঠিলতা সৃষ্টি হচ্ছে। শুধু ইসলামপুর ইউনিয়ন পরিষদ হতে তালিকা গেলেও ৬ নং ওয়ার্ড মেম্বারের স্বাক্ষর না থাকায় উহা ফেরত দেওয়া হয়েছে। উপজেলা পর্যায়ে মহিলাদের আয়বর্ধক প্রশিক্ষণ প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম | আগামী ১৮/১২/২০২২ তারিখের মধ্যে সকল ইউনিয়ন পরিষদ হতে তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদেরকে অনুরোধ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান |

| | | | | |
|---|---|---|---|---|
| | | স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | করা হলো। | |
| ১৪ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় সমবায় বিভাগের আওতায় ০১টি কেন্দ্রীয় সমিতি, সমবায় বিভাগীয় ৮৬টি প্রাথমিক সমিতি এবং কৃষি, মৎস্য ও প্রাণি সম্পদ বিভাগের আওতাভুক্ত ১০০টি প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি রয়েছে। যার বার্ষিক অডিট, পরিদর্শন, তদন্ত ও বিভিন্ন প্রকার প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও অত্র উপজেলায় আশ্রয়ণ প্রকল্পভুক্ত একটি সমবায় সমিতি রয়েছে। যেখানে সদস্যদের মধ্যে ২৭,৯০,০০০/- টাকা ক্রমপুঞ্জিভূত সরকারি ঋণ প্রদান করা হয়েছে। প্রসংগক্রমে আরো জানান যে, মুজিববর্ষের প্রদানকৃত ঘরে বসবাসকারীদের নিয়ে সমিতি গঠনের নির্দেশনা এসেছে। এ কাজের জন্য সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সার্বিক সহযোগিতা কামনা করেন। | সমিতির কার্যপরিধি এবং সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সার্বিক পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা |
| ১৫ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে যুবক ও যুব মহিলাদের প্রন্তিক পর্যায় কম্পিউটার ভ্যানে ২ মাস ব্যাপী ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ চলছে। এছাড়া ঋণ কার্যক্রমের আওতায় ৯৯.৭৪% ক্রমপুঞ্জিভুত আদায় হয়েছে। দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | ভ্রাম্যমান কম্পিউটার ও নেটওয়াকিং প্রশিক্ষণ ফলপ্রসু করার লক্ষ্যে যথার্থ পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা |
| ১৬ | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা সভায় জানান যে, বালিয়াকান্দি উপজেলায় ৩০টি করাতকল আছে। এর মধ্যে ১২টি লাইসেন্স করেছে এবং ৫টির আবেদন রয়েছে। অবৈধ করাতকলগুলো যাতে স্ব ইচ্ছায় লাইসেন্স করে সে বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বন বিভাগের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | অবৈধ করাতকলের বিরুদ্ধে মোবাইল কোর্ট পরিচালনার নিমিত্তে তারিখ নির্ধারণের জন্য উপজেলা বন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা বন কর্মকর্তা |
| ১৭ | উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা শীতবস্ত্র বিতরণ করার কাজে ব্যস্ত থাকায় উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ নিয়ে বিস্তারিত আলোচনা করা সম্ভব হলো না। | নিয়মিত উপস্থিত থাকার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| ১৮ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের উপ-সহকারী প্রকৌশলী জানান যে, সমগ্রদেশে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২২-২৩ অর্থ বছরের ১৮২ টি গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছে। উক্ত বরাদ্দ গুলোর বিপরীতে ২১/১১/২০২২ খ্রি. তারিখে বিভাজন করা হয়েছে। তিনি আরো জানান যে, ১০টি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াস ব্লকের কাজ এবং ১৮টি কমিউনিটি নলকূপের কাজ চলমান রয়েছে। এছাড়া সকল প্রকার কাজ সুন্দর ও সুষ্ঠভাবে চলমান রয়েছে। এ পর্যায়ে মাননীয় সংসদ সদস্য মহোদয় জানান বিভাজন প্রক্রিয়া আমাকে অবহিত করা হয়নি বিধায় ভবিষ্যতে বিষয়গুলো লক্ষ্য রাখার জন্য নির্দেশনা প্রদান করেন। | বরাদ্দ প্রাপ্ত নলকূপসমূহের বিপরীতে মাননীয় সংসদ সদস্য মহোদয়ের অবহিতক্রমে সঠিক বিভাজন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়নের জন্য উপ-সহকারী প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য অধিদপ্তর |
| ১৯ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | ০১। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জনান যে, ৪র্থ পর্যায়ের সমাধিনগর মাঃ বিদ্যালয়ের একাডেমিক ভবনের দ্বিতল সম্প্রসারণ কাজের বিল ঠিবাদারকে পরিশোধ করা হয়েছে। রামদিয়া শীতলদা রাস্তার মালেক মৌলভীর বাড়ির সামনের খালে কালভার্ট নির্মাণ কাজ শতভাগ সমাপ্ত হয়েছে। ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ কর্তৃক -১১,৫১,৯১৩/- ( এগার লক্ষ একান্ন হাজার নয়শত তের টাকা) বিল দাখিল করা হয়েছে। উপজেলা পরিষদ কর্তৃক অনুমোদন সাপেক্ষে পিএমতে প্রেরণ করা হবে। এছাড়া সোনাপুর বাজারের ড্রেন নির্মাণ কাজ চলমান আছে।<br><br>০২। সভায় উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর আরো জনান যে, ৪র্থ পর্যায়ের ৭ টি প্রশিক্ষণ সমাপ্ত হওয়ায় পিএমইউতে বিল-ভাউচার প্রেরণ করা হয়েছে। ৫ম পর্যায়ের ৪টি প্রশিক্ষণ সফলভাবে সমাপ্ত হয়েছে এবং ২টি প্রশিক্ষণ বাস্তবায়ন প্রক্রিয়াধীন আছে।<br><br>অন্যান্য সকল দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবেই চলছে। | ০১। চলমান অবকাঠামো প্রকল্পসমূহের গুণগতমান বজায় রাখা জন্য মনিটরিং জোরদার করার অনুরোধ করা হয়।<br><br>০২। বিস্তারিত আলোচনান্তে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স চৌধুরী এন্টারপ্রাইজ কর্তৃক দাখিলকৃত=১১,৫১,৯১৩/- (এগার লক্ষ একান্ন হাজার নয়শত তের টাকা) টাকার অনুমোদন করা হয়েছে এবং দ্রুত সময়ের মধ্যে পিএমইউতে প্রেরণের জন্য ইউডিএফ-কে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী ও উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | তথ্যকেন্দ্র | তথ্যসেবা কর্মকর্তা জানান নভেম্বর/২০২২ মাসে তথ্যকেন্দ্র থেকে ডোর টু ডোর, তথ্যকেন্দ্র ও উঠান বৈঠকের মাধ্যমে ৪৬৫ জন নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা, জেন্ডার, কৃষি সংক্রান্ত তথ্যসেবা ও অনলাইনে চাকরির আবেদন ও তথ্যপ্রযুক্ত ভিত্তিক সেবা প্রদান করা হয়েছে। এছাড়া তথ্যকেন্দ্রের কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উঠান বৈঠকের মাধ্যমে নারীদেরকে শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ইত্যাদি বিষয়ে সচেতন করার লক্ষ্যে কাজ করার জন্য তথ্যসেবা কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | তথ্যসেবা কর্মকর্তা |
| ২১ | বিবিধ | # চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ জানান যে, সীটমহল (রতনদিয়া) গ্রামে যাতায়াত ব্যবস্থা খুবই খারাপ। কোন রাস্তা নাই। উক্ত গ্রামে যাতায়াতের জন্য ১ কি:মি: রাস্তার প্রয়োজন। তিনি আরো জানান যে, নটাপাড়া হাটটি আগে সরকারিভাবে ইজারা দেওয়া হতো কিন্তু বর্তমানে উক্ত হাটের জায়গা অবৈধ কিছু ঘর উত্তোলনের কারণে বেদখল হওয়ায় বাজার না বসার কারণে ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে। ঘরগুলো ভেংগে কাঁচা বাজার বসার ব্যবস্থা করা প্রয়োজন। প্রসংগক্রমে আরো জানান যে, জামালপুর নলিয়া স্কুলে ঘরের অবস্থা খুবই খারাপ। উক্ত স্কুল ঘরের নির্মাণ কাজ জরুরী প্রয়োজন। এছাড়া আরো জানান যে, জামালপুর হাটের ড্রেন দীর্ঘ দিন যাবৎ অপরিস্কার রয়েছে। একাধিকবার নোটিশ দেওয়া সত্বেও হাট ইজারাদার হাটটির ড্রেন পরিস্কার করছে না। অন্যদিকে প্রসংগক্রমে জানান যে, জামালপুর ও নটাপাড়া বাজারে সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।<br># চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ জানান যে, বহরপুর ইউনিয়নের বেশির ভাগ এলাকায় পিঁয়াজ-রসুন ও পাটের আবাদ হয়ে থাকে। ভেজাল সার কারখানায় উৎপাদিত সার ব্যবহারের কারণে অনেক কৃষকই ক্ষতিগ্রস্ত হয়েছে। বহরপুর ইউনিয়নে চিহ্নিত ভেজাল সারকারখানা হতে বিভিন্ন জায়গায় টন টন সার সরবরাহ হয়ে থাকে । এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন। এছাড়া আরো জানান যে, আড়কান্দি থেকে –বাঘুটিয়া পর্যন্ত প্রায় ৪.৫ কি:মি: দীর্ঘ রাস্তার পাশে বিশাল ফসলি মাঠ রয়েছে। এ সব এলাকার ফসল এ রাস্তা দিয়ে পরিবহন করতে হয়। রাস্তার অবস্থা খুবই খারাপ। বিধায় রাস্তাটি দ্রুত সংস্কার করা প্রয়োজন। প্রসংগক্রমে বারুগ্রাম স্কুলের রাস্তাটির বিষয়ে উল্লেখ করেন যে, বারুগ্রাম স্কুলের রেজাল্ট খুবই ভাল। বিধায় স্কুলে যাতায়াতের সুবিধার্থে রাস্তাটি প্রয়োজন মর্মে উপজেলা নির্বাহী অফিসারও মতামত প্রকাশ করেন ।<br># চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ জানান যে, আমরা নির্বাচনে যে প্রতিশ্রুতি দিয়েছিলাম সেভাবে এগিয়ে যেতে পারছিনা। ইউনিয়ন পরিষদের পাশে শিশু পার্ক করার জন্য সভায় মাননীয় সংসদ সদস্য মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। এছাড়া বালিয়াকান্দি-ধর্মতলা হয়ে জংগল বাজার ব্রীজের পাশে ডাইভারশন রাস্তা না থাকায় জনগণের খুবই সমস্যা হচ্ছে মর্মে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br># চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ জানান যে, রহিম সর্দার মোড় থেকে দেলুয়া-বাজেসরিয়া রাস্তার অবস্থা খুবই খারাপ। এছাড়া তেকাঠি ব্রীজ থেকে বেরুলী ব্রীজ পর্যন্ত রাস্তার পাশে পুকুর থাকায় রাস্তার পাশ ভেংগে যাওয়ার কারণে প্যালাসাইটিং খুবই জরুরী হয়ে পড়েছে।<br># চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ নদী ভাংগনসহ খালিয়া-মধুপুর রাস্তা নিয়ে আলোচনা করেন এবং চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ ইউনিয়ন পরিষদের জমি বেদখল হওয়ার বিষয়সহ রাস্তা-ঘাট উন্নয়ন বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করেন।<br># পরিশেষে উপজেলা পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব মোঃ মনিরুজ্জামান মনির অদ্যকার সভায় উপস্থিত অত্র সভার উপদেষ্টা এবং উপজেলা পরিষদের অভিভাবক মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ জিল্লুল হাকিম মহোদয়কে অভিনন্দন এবং শুভেচ্ছা জানিয়ে বলেন যে, তারই প্রচেষ্টায় ও মূল্যবান দিক নির্দেশনার আলোকে আমরা বালিয়াকান্দি উপজেলায় বিভিন্ন পর্যায়ে উন্নয়নমূলক কাজ করে যাচ্ছি। আশা করি ইউনিয়ন পর্যায় থেকে আনিত উন্নয়নমূলক বিভিন্ন সমস্যাগুলো তিনি নীতি নির্ধারক পর্যায়ে উত্থাপন করে সমাধান করবেন। এ পর্যায়ে অন্যান্য দপ্তরের গৃহীত | সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের উন্নয়ন কার্যক্রমসমূহ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ, উপজেলা পরিষদ এবং এলজিইডি'র যৌথ উদ্যোগে সর্বপরি মাননীয় সংসদ সদস্য মহোদয়ের পরামর্শক্রমে অগ্রাধিকার ভিত্তিতে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয় । | **উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা প্রকৌশলী, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান** |

১

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রম যথারীতি সুন্দরভাবে পরিচালনার জন্য সকল দপ্তর প্রধানকে অনুরোধ করে তাঁর বক্তব্য সমাপ্ত করেন। | | |

আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যদের আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ মনিরুজ্জামান মনির
চেয়ারম্যান (ভারপ্রাপ্ত)
উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী।

স্মারক নং-০৫.৩০.৮২০৭.০০৩.০৬.০০২.১৪-২১৯

তারখ: ১৩ ডিসেম্বর ২০২২ খ্রি.

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-০২
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার , পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৩। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, রাজবাড়ী

অনুলিপি: জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৫-০৬। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী
০০-২৪। উপজেলা ......................কর্মকর্তা/ প্রকৌশলী, বালিয়াকান্দি, রাজবাড়ী
২৫-৩১। চেয়ারম্যান .....................(সকল) ইউনিয়ন, বালিয়াকান্দি, রাজবাড়ী
৩২। অফিস কপি

আম্বিয়া সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
বালিয়াকান্দি, রাজবাড়ী।

পরিশিষ্ট-'ক'

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মো: আবুল কালাম আজাদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | |
| ০২ | জনাব মোঃ মনিরুজ্জামান মনির | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম খোদেজা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব আহম্মদ আলী | চেয়ারম্যান, ইসলামপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মোঃ রেজাউল করিম | চেয়ারম্যান, বহরপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মোঃ বাদশা আলমগীর | চেয়ারম্যান, নবাবপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মোঃ জহুরুল ইসলাম | চেয়ারম্যান, নারুয়া ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মোঃ আলমগীর বিশ্বাস | চেয়ারম্যান, বালিয়াকান্দি ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব এ. কে. এম ফরিদ হোসেন | চেয়ারম্যান, জামালপুর ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১০ | জনাব কল্লোল বসু | চেয়ারম্যান, জংগল ইউনিয়ন পরিষদ, বালিয়াকান্দি, রাজবাড়ী | স্বাক্ষরিত |
| ১১ | জনাব ডা: সজল কুমার সোম | মেডিকেল অফিসার, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর | স্বাক্ষরিত |
| ১২ | জনাব ডা. হাফিজুর রহমান | উপজেলা ভেটেরিনারি সার্জন | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মোঃ রফিকুল ইসলাম | উপজেলা কৃষি কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৪ | জনাব মোঃ আবদুল মান্নাফ | উপজেলা মৎস্য কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৫ | জনাব মোঃ আশরাফুল হক | উপজেলা শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৬ | জনাব খন্দকার রাহাত ফেরদৌস | উপজেলা প্রকৌশলী | স্বাক্ষরিত |
| ১৭ | জনাব পারমিস সুলতানা | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৮ | জনাব অজয় কুমার হালদার | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ১৯ | জনাব জাহিদুর রহমান এর পক্ষে | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ২০ | জনাব আফরোজা জেসমিন | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২১ | জনাব এস এম খায়রুল আলম | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (ভারপ্রাপ্ত) | স্বাক্ষরিত |
| ২২ | জনাব মোঃ নজরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার | স্বাক্ষরিত |
| ২৩ | জনাব মোঃ রেজাউল করিম | উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য বিভাগ | স্বাক্ষরিত |
| ২৪ | জনাব মোঃ আজিজুল হক | উপজেলা বন কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৫ | জনাব কামরুন্নাহার | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা | স্বাক্ষরিত |
| ২৬ | জনাব নাজিউর রহমান | ইউডিএফ, ইউডিজিপি | স্বাক্ষরিত |

অনুপস্থিত সদস্যবৃন্দ (পরিশিষ্ট-খ)

| ক্রমিক নং | নাম | পদবী |
|---|---|---|
| - | জনাব মুহাম্মাদ মাহমুদ হাসান খান | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা |
| | জনাব নাসরিন সুলতানা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |